# সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)
২১৮, এম. এ. বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০।
www.sgcl.org.bd

জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

জাতীয় সম্পদ গ্যাসের অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন

## নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র নং - ২৮.২১.০০০০.১২০.১১.০০১.২২.৭৪১

তারিখ: ১৩/১০/২০২২

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের নিমিত্ত নিয়োক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইন (Online)-এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | চিকিৎসা সহকারী | ১ | টা: ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) | মেডিকেল এ্যাসিসটেন্ট বিষয়ে ডিপ্লোমা সনদ প্রাপ্ত। |
| ২। | সার্ভেয়ার | ১ | টা: ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) | ন্যূনতম এস.এস.সি. পাশ এবং সংশ্লিষ্ট কারিগরি বিষয়ে ট্রেড কোর্স/অনুমোদিত সার্টিফিকেট কোর্স পাশসহ কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ৩। | সিনিয়র টেকনিশিয়ান | ৮ | টা: ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) | ন্যূনতম এস.এস.সি. পাশ এবং সংশ্লিষ্ট কারিগরি বিষয়ে ট্রেড কোর্স/অনুমোদিত সার্টিফিকেট কোর্স পাশসহ কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ৪। | সিনিয়র স্টোর কিপার | ১ | টা: ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) | সংশ্লিষ্ট ক্ষেত্রে ১২ (বার) বৎসরের অভিজ্ঞতাসহ দ্বিতীয় বিভাগ/সমতুল্য সিজিপিএসহ এইচ.এস.সি. পাশ। |
| ৫। | স্টোর কিপার | ২ | টা: ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) | সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০৬ (ছয়) বৎসরের অভিজ্ঞতাসহ দ্বিতীয় বিভাগ/সমতুল্য সিজিপিএসহ এইচ.এস.সি. পাশ। |
| ৬। | রেকর্ড কিপার | ১ | টা: ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) | সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০৬ (ছয়) বৎসরের অভিজ্ঞতাসহ দ্বিতীয় বিভাগ/সমতুল্য সিজিপিএসহ এইচ.এস.সি. পাশ। |
| ৭। | জুনিয়র স্টোর কিপার | ১ | টা: ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | দ্বিতীয় বিভাগ/সমতুল্য সিজিপিএসহ এইচ.এস.সি. পাশ। |
| ৮। | জুনিয়র রেকর্ড কিপার | ১ | টা: ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | দ্বিতীয় বিভাগ/সমতুল্য সিজিপিএসহ এইচ.এস.সি. পাশ। |

**অন্যান্য শর্তাবলী:**

১। **অনলাইন (Online)-এ আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:**

(ক) আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৩/১০/২০২২ তারিখ, সকাল ১০:০০ ঘটিকা।

(খ) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১২/১১/২০২২ তারিখ, বিকাল ৫:০০ ঘটিকা।

(গ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk Pre-Paid Mobile নম্বর দ্বারা SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। **অনলাইন (Online)-এ আবেদন করার পদ্ধতি:**

(ক) আগ্রহী প্রার্থীগণ টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর ওয়েবসাইট (http://sgcl.teletalk.com.bd/)-এ প্রবেশ করে আবেদনপত্র পূরণ করেত পারবেন।

(খ) ছবি (Photo) ও স্বাক্ষর (Signature): Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ Pixel, কোনোভাবেই এর কম/বেশী নয়) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ Pixel, কোনোভাবেই এর কম/বেশী নয়) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে। সাইড ভিউ/সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না।

(গ) ঘোষণা (Declaration): প্রার্থীকে Online আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো অনিয়মের আশ্রয় গ্রহণ করলে, পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং ভবিষ্যতে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড কর্তৃক তার বিরুদ্ধে যে কোনো আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঘ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঙ) SMS পাঠানোর নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র Submission সম্পন্ন হলে, ছবিসহ Application Preview কপি দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে, প্রার্থী একটি User ID-সহ ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে প্রদত্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে যে কোনো একটি পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিবেন:

প্রথম SMS: SGCL<space>User ID লিখে send করুন 16222 নম্বরে। Example: SGCL ABCDEF

Reply: Applicant's Name, Tk. 200 will be charged for Post's Name of SGCL. Your pin is xxxxxxxxxx. To pay fee, type: SGCL<space>YES<space>PIN and send to 16222

দ্বিতীয় SMS: Congrats! Applicant's Name, payment completed for Post's Name of SGCL. User ID: xxxxxxxx and Password: xxxxxxxx

**"বিশেষভাবে উল্লেখ্য, Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।**

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://sgcl.teletalk.com.bd/ ওয়েবসাইটে অথবা সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেডের (এসজিসিএল)-এর ওয়েবসাইট (www.sgcl.org.bd)-এ এবং প্রার্থীর মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Passsword ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk Pre-Paid Mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Pin পুনরুদ্ধার করতে পারবেন:

i. User ID জানা থাকলে SGCL<space>Help<space>User<space> User ID and send to 16222
Example: SGCL HELP USER ABCDEF
ii. Pin নম্বর জানা থাকলে SGCL<space>Help<space>PIN<space>Pin No. and send to 16222
Example: SGCL HELP PIN xxxxxxxx

(ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যে কোনো টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

৩। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে ও এসজিসিএল-এর ওয়েবসাইট (www.sgcl.org.bd)-এর মাধ্যমে জানানো হবে।

৪। বয়সসীমা: সকল পদের জন্য প্রার্থীর বয়স ০১/১০/২০২২ তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং ২৫/০৩/২০২০ তারিখে সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে ২৫/০৩/২০২০ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সনদ-এ উল্লিখিত জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য হবে। বয়স সংক্রান্ত কোনো এফিডেভিট (Affidavit) গ্রহণযোগ্য হবে না। প্রার্থীর বয়স কম বা বেশী হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করতে হবে।

৬। প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করা হবে। প্রার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণকালে আবেদনপত্রে প্রার্থীর উল্লিখিত তথ্য প্রমাণের জন্য আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্র/সার্টিফিকেট-এর মূল কপি উপস্থাপন করতে হবে এবং সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ৯ম ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত (প্রথম শ্রেণি) কর্মকর্তা কর্তৃক সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে:

(ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে)-এর সকল মূল সার্টিফিকেট;
(খ) সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ৯ম ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত (প্রথম শ্রেণি) কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সার্টিফিকেট;
(গ) ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান বা পৌরসভা/সিটি করপোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট;
(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র (প্রার্থী কর্তৃক চাকরির আবেদনপত্রে যে তথ্য প্রদান করা হবে)-এর মূল কপি;
(ঙ) 'O Level' এবং 'A Level' পাস প্রার্থীর ক্ষেত্রে বাংলাদেশের শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে দেশের শিক্ষা মন্ত্রণালয়/সংশ্লিষ্ট কোনো দেশী বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate);
(চ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;
(ছ) সদ্য তোলা তিন কপি রঙিন পাসপোর্ট সাইজ ছবি;
(জ) Applicant's Copy এবং প্রবেশপত্রের কপি;
(ঝ) কোটা দাবীর সমর্থনে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র।

৭। আবেদনকারীকে তার অর্জিত সঠিক শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোনো বৈধ সুযোগ দাবী করলে তা গ্রহণযোগ্য হবে না।

৮। নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৯। নিয়োগ প্যানেলের কার্যকারিতার মেয়াদ অনুমোদনের তারিখ হতে সর্বোচ্চ ১২ (বার) মাস পর্যন্ত বহাল থাকবে।

১০। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। কোনো প্রার্থী নিয়োগ প্রাপ্তির পর তার প্রদত্ত কোনো তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। নিয়োগের বিষয়ে কোনো প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৩। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোনো দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। কোনো প্রার্থী একাধিক পদে আবেদন করলে তার সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৬। সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোনো প্রার্থী কোনো বিদেশী নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

১৭। নিয়োগ সংক্রান্ত সর্বশেষ তথ্যাদি সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেডের (এসজিসিএল)-এর ওয়েবসাইট (www.sgcl.org.bd)-এ এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর ওয়েবসাইট (http://sgcl.teletalk.com.bd/)-এ প্রকাশিত হবে বিধায় চাকরি প্রার্থীদের সংশ্লিষ্ট ওয়েবসাইট Visit করতে হবে।

১৮। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর চাকরি প্রবিধানমালা এবং বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) ও জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

**মহাব্যবস্থাপক (প্রশাসন)**
ফোনঃ ০২৪৭৭৭২১৩২৬